

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০৮০.২১-২০০০


তারিখঃ ১৪/১১/২০২১ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভুক্ত যশোর জেলার বাঘারপাড়া উপজেলায় কর্মরত হিসাব সহকারী জনাব আরোজ আলী ইরেসপো প্রকল্পের সুফলভোগী না হওয়া সত্ত্বেও উক্ত উপজেলায় বসবাসকারী পূর্ণিমা খাতুন ও ছায়তুন নেসা নামে দুইজন ব্যক্তি-কে দোহাকুলা গুপ্তিপাড়া মহিলা সমিতিতে সদস্য হিসেবে সফটওয়্যারে যাবতীয় তথ্য এন্ট্রিপূর্বক ঋণ বিতরণের সুপারিশ করেন; যা কর্মসূচি/প্রকল্পের ঋণ নীতিমালা পরিপন্থী। এছাড়া হিসাব সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় বর্ণিত হিসাব সহকারীর অদক্ষতার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে। সে আলোকে কর্মসূচি/প্রকল্পের ঋণ নীতিমালা পরিপন্থী, হিসাব সংক্রান্ত কাজে অদক্ষতা এবং সফটওয়্যারে সুফলভোগীর তথ্য পরিবর্তন সংক্রান্ত অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমে সম্পৃক্ত থাকার অপরাধে প্রশাসনিক ব্যবস্থা হিসেবে সাময়িক বরখাস্ত করে যশোর জেলা দপ্তরে সংযুক্ত করা হলো।

২। বরখাস্তকালীন সময়ে তাঁর বিপরীতে সংশ্লিষ্ট উপজেলায় অর্জিত আয় থাকা স্বাপেক্ষে বিধি অনুযায়ী খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। কর্মসূচি'র স্বার্থে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০৮০.২১-২০০০


তারিখঃ ১৪/১১/২০২১ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. জনাব -----, হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ -----।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ ----- জেলাঃ -----।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।
৬. অফিস কপি।

সদয় অবগতির জন্যঃ

- ১) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ২) পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক